# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট


ডিএমডি সার্কুলার লেটার নম্বর – ০১

তারিখ- 17 চৈত্র, ১৪২৬ বাং
৩১ মার্চ ২০২০ ইং

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সীমিত আকারে পুনঃক্রয় চুক্তি ব্যবস্থা এবং আন্তঃব্যাংক কল মানি মার্কেট চালু করা প্রসঙ্গে ।

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট-এর ২৯ মার্চ, ২০২০ তারিখের পিএসডি সার্কুলার নম্বর ০৫ মোতাবেক জরুরী আন্তঃব্যাংক লেনদেনের সুবিধার্থে ৩০ মার্চ ২০২০ হতে ০২ এপ্রিল ২০২০ সময়ে সরকার ঘোষিত সাধারন ছুটির দিনগুলিতে সীমিত সময়ের জন্য Bangladesh Automated Clearing House (BACH) চালু থাকবে। আন্তঃব্যাংক লেনদেনের ফলে সম্ভাব্য তারল্য ঝুঁকি ব্যবস্থাপনার জন্য সীমিত আকারে পুনঃক্রয় চুক্তি ব্যবস্থা (Repurchase Agreement-Repo) এবং আন্তঃব্যাংক কল মানি মার্কেট চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে,

ক) আগ্রহী ব্যাংকসমূহ প্রয়োজনীয় ফর্ম পূরন করে বিধিমোতাবেক দুপুর ১২:৩০ ঘটিকার মধ্যে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসের সিকিউরিটিজ শাখায় রেপোর দরপত্র দাখিল করবে।

খ) আন্তঃব্যাংক কল মানি মার্কেটে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ তাদের লেনদেনের বিবরণী ঐদিন দুপুর ১২:৩০ ঘটিকার মধ্যে যথানিয়মে ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করবে ।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এই ব্যবস্থা বলবৎ থাকবে ।

আপনাদের বিশ্বস্ত


(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ **৯৫৩০১৩১**